# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

পঞ্চবিংশতি বর্ষ (দ্বিতীয় সংখ্যা)
জুলাই ২০১৪

**রানী রাসমণি স্মারক বক্তৃতা, ২০১৪**

বিদ্যামন্দিরের প্রয়াত প্রাক্তনী অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত 'রানী রাসমণি স্মারক বক্তৃতা' এ বছর নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হবে ঃ

তারিখ ঃ ১৫ আগস্ট ২০১৪, শুক্রবার
সময় ঃ বেলা ১টা ৩০মিনিট
স্থান ঃ বিবেকানন্দ সভাগৃহ, বিদ্যামন্দির
বিষয় ঃ নরেনের মা ভুবনেশ্বরী
বক্তা ঃ চিরশ্রী বন্দোপাধ্যায়, গবেষিকা ও লেখিকা।

**এই বক্তৃতা সভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ।**

বিদ্যামন্দির, ৩০ জুন ২০১৪ —কর্মসচিব



*If in this hell of a world one can bring a little joy and peace even for a day into the heart of a single person, that much alone is true; this I have learnt after suffering all my life; all else is mere moonshine."*
—Swami Vivekananda

## সম্পাদকীয়

'দেশের জনসাধারণকে অবহেলা করাই আমাদের প্রবল জাতীয় পাপ এবং তা-ই আমাদের অবনতির অন্যতম কারণ'—বলেছিলেন স্বামী বিবেকানন্দ। সে তো প্রায় একশ বছরেরও আগের কথা। অতঃপর অনেক জল গড়িয়েছে গঙ্গা-কাবেরী-যমুনা দিয়ে। হয়ে গেছে অনেকগুলো সাধারণ নির্বাচন। পরিস্থিতির উল্লেখযোগ্য পরিবর্তন চোখে পড়ে না। আজও দেশের নানা প্রান্তে সাধারণ মানুষের প্রাপ্য দুঃসহ দারিদ্র্য আর সীমাহীন বঞ্চনা। এই পরিপ্রেক্ষিতে দেশজুড়ে স্বামী বিবেকানন্দের সার্ধশতবার্ষিকীর উদ্‌যাপন আমাদের আর একবার সুযোগ করে দিল ক্রান্তদর্শী সেই মহামানবকে স্মরণ করার—তাঁর স্বদেশ চেতনায় নিজেদের সঞ্জীবিত করার। তাঁর চিন্তায় নেতিবাচক কিছু ছিল না। তাই তিনি বলেছিলেন—'দীর্ঘ রজনী প্রভাতপ্রায়'। সেই বিশ্বাস বুকে নিয়েই আমাদের পথ চলা—নতুন দিনের স্বপ্ন দেখা!

সেতুবন্ধন প্রয়াসে কাঠবেড়ালীর মত আপন সীমিত সাধ্যের মধ্যে 'প্রাক্তনী সংসদ' স্বামীজীর স্বপ্ন সাকার করার উদ্যোগে কিছু কিছু কাজ করে চলেছে। আমাদের বিশ্বাস, সকলের অকুণ্ঠ সহযোগিতায় আমাদের কাজের পরিধি আরো সম্প্রসারিত হবে।

প্রাক্তনী সংসদের মুখপত্র 'প্রাক্তনী বার্তা'র পঞ্চবিংশতি বর্ষের দ্বিতীয় সংখ্যাটি প্রকাশিত হ'ল। আবারও বলি, এটির উৎকর্ষ বিধানে আপনাদের মূল্যবান মতামত প্রয়োজন। আশা করি এই উদ্যোগে আপনারা সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন। প্রাক্তনীদের বিষয়ে উল্লেখযোগ্য সমাচার পেতে এবং 'প্রাক্তনী বার্তা'য় প্রকাশ করতে আমরা আগ্রহী। আশা করি, এ বিষয়ে সকলের সহযোগিতা পাবো।

—তপন কুমার ঘোষ, প্রধান সম্পাদক

## সম্প্রতি যাঁরা চলে গেলেন

**অনীশ মুখোপাধ্যায় :** ১৯৫৬-৫৮-র প্রাক্তনী অধ্যাপক অনীশ মুখোপাধ্যায় ৭৪ বছর বয়সে অকস্মাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে পরলোক গমন করেন ১৮ মে, ২০১৪। ১৯৫৮ সালে বিদ্যামন্দির থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের I.A. পরীক্ষায় প্রথম স্থান অধিকার করার পর তিনি প্রেসিডেন্সি কলেজ ও কলকাতা বিশ্ববিদ্যালয়ে রাশিবিজ্ঞান নিয়ে পড়াশুনা করেন। অল্প কয়েক বছর All India Institute of Hygiene and Public Health-এ কাজ করার পর তিনি Indian Statistical Institute-এ যোগদান করেন। সেখান থেকে অবসর গ্রহণ করেন ২০০২-এর জানুয়ারিতে। শিক্ষক ও গবেষক হিসাবে তিনি সুনাম অর্জন করেন।

**অরুণাভ সিংহ :** প্রাক্তনী (১৯৫৮-৬০) অরুণাভ সিংহ প্রয়াত হন ১৮ ফেব্রুয়ারি, ২০১৪। ১৯৬০ সালে বিদ্যামন্দির থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের I.A. পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে প্রেসিডেন্সি কলেজে রাশিবিজ্ঞান নিয়ে পড়াশুনা করেন। এরপর WBCS পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হয়ে পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে কৃতিত্বের সঙ্গে কাজ করেন। তিনি খুব সুন্দর বাঁশি বাজাতে পারতেন।

**মলয় গুপ্ত :** ১৯৫৯-৬১'র প্রাক্তনী ডঃ মলয় গুপ্ত ২০১৪'র ২৪ এপ্রিল ইহলোক ত্যাগ করেন। ডঃ গুপ্ত অর্থনীতি নিয়ে পড়াশুনা করে ১৯৭১ থেকে ২০০৪ পর্যন্ত ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার বিভিন্ন দায়িত্বপূর্ণ পদে আসীন ছিলেন এবং ঐ ব্যাঙ্কের এ. জি. এম ও স্টাফ ট্রেনিং কলেজের অধ্যক্ষ হিসাবে অবসর গ্রহণ করেন। এছাড়া তিনি বিভিন্ন সময়ে বাঁকুড়া ক্রিশ্চান কলেজ, হাওড়া গার্লস কলেজ, কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগ, ইনস্টিটিউট অব বিজনেস ম্যানেজমেন্ট এ্যান্ড রিসার্চ, আই. আই. এস. ডব্লিউ. বি.এম, বেসু (শিবপুর), কল্যাণী বিশ্ববিদ্যালয়, মেফেয়ার বিজনেস স্কুল, জে. আই. এস স্কুল অব বিজনেস প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যাপক হিসাবে যুক্ত ছিলেন।

**অমিয় ভূষণ রায় ঃ** বিদ্যামন্দিরের প্রাক্তন অধ্যাপক ডঃ অমিয় ভূষণ রায় গত ১২মে, ২০১৪ তারিখে সকাল ৫টা ৪৫ মিনিটে দেহত্যাগ করেন। ১৯৬০ সালে বিদ্যামন্দির যখন ইন্টারমিডিয়েট কলেজ থেকে ডিগ্রী কলেজে উন্নীত হয় সেই সময় অধ্যাপক রায় গণিত বিভাগে নিযুক্ত হন এবং অধ্যাপক অশ্বিনী কুমার লাহিড়ির অবসর গ্রহণের পর তিনি ঐ বিভাগের বিভাগীয় প্রধানের দায়িত্ব প্রাপ্ত হন। ১৯৭২ সালে তিনি বিদ্যামন্দির ছেড়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গণিত বিভাগে যোগদান করেন। অধ্যাপক রায় বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে Elasticity বিষয়ে Ph.D ডিগ্রী লাভ করেন এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ে Graph Theory- তে তিনি অনেক ছাত্রের গবেষণার কাজ তত্ত্বাবধান করেছেন। বিদ্যামন্দিরে সাম্মানিক গণিত বিভাগের সূচনালগ্নে যে সকল অধ্যাপক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন তিনি ছিলেন তাঁদের অন্যতম।

বিদ্যামন্দিরে শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত হবার উপক্রম হলে মিষ্টভাষী, ছাত্রদরদী, আকর্ষণীয় ব্যক্তিত্বের অধিকারী অধ্যাপক রায় এক প্রশংসনীয় ভূমিকা পালন করতেন।

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ প্রয়াত এঁদের সকলের আত্মার শান্তি কামনা করে।

## প্রাক্তনী সংবাদ

এ বছরের ২১ থেকে ২৫ মার্চ নয়াদিল্লীতে অনুষ্ঠিত হ'ল 'বিশ্ব কবিতা উৎসব'—সাহিত্য আকাদেমি এবং ভারত সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে। দেশের নানা প্রান্ত থেকে ৪০ জন এবং বিশ্বের বিভিন্ন দেশ থেকে প্রায় সমসংখ্যক কবি এই উৎসবে যোগ দিয়েছিলেন। বিদ্যামন্দিরের প্রাক্তনী কবি বিশ্বনাথ গরাই (১৯৭০-৭৩) এই উৎসবে আমন্ত্রিত হয়ে এবং অংশগ্রহণ করে আমাদের সবাইকে সম্মানিত করলেন।

## ২০১৩-২০১৪ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

**প্রিয় সতীর্থ,**

**অ্যাসোসিয়েশনের ২০১৩-১৪ বর্ষের বার্ষিক সাধারণ সভা নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ**

**তারিখ : ১৫ আগস্ট ২০১৪, শুক্রবার ; সময় : বিকেল ২টা ৪৫ মিনিট ; স্থান : বিবেকানন্দ হল, বিদ্যামন্দির।**

আলোচ্য বিষয়সূচী :

১। বিগত ১৫.৮.২০১৩-য় অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ; ২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন, ২০১৩-১৪ বর্ষ ; ৩। ২০১৩-১৪ বর্ষের অডিট রিপোর্ট ; ৪। ২০১৪-১৫ বর্ষের জন্য অডিটর নিয়োগ ; ৫। বিবিধ ঃ সভাপতির অনুমোদন সাপেক্ষে।

**এই সভায় যোগদানের জন্য সকলকে সাদর আমন্ত্রণ জানাই।**

বিদ্যামন্দির, ৩০ জুন ২০১৪

—কর্মসচিব

বিঃদ্রঃ—সভার দিনে বিদ্যামন্দিরে মধ্যাহ্নভোজনে আগ্রহী সদস্যরা অনুগ্রহ করে ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনের (৯৮৩১৪৬৪৬৬০) মাধ্যমে জানিয়ে দেবেন।

## News from the Vidyamandira
### (December 2013 to May 2014)

**International Seminar :** An international seminar was organised in the College during 21 and 22 February 2014, to commemorate the 150th Birth Anniversary of Swami Vivekananda. The Seminar was organised in collaboration with Ramakrishna Mission Sikshanamandira, Belurmath and the Alumni Association of the Vidyamandira and was sponsored by the University Grants Commission. The topic of the seminar was—'Swami Vivekananda's Ideas and Our Times : A Retrospect on His 150th Birth Anniversary". Renowned speakers of national and international repute delivered their speeches in presence of distinguished delegates from academic and intellectual community. Some of the distinguished speakers were : (Monastic) : Swami Bhajanananda, Assistant Secretary, Ramakrishna Math and Mission, Swami Tattwamayananda, Assistant Minister, Vedanta Society of Northern California, Swami Atmarupananda, Senior Monk, Vedanta Society of Southern California etc. and (Non-monastic) : Uday Narayan Singh, Professor, Visva Bharati, Santiniketan, Sarbananda Chowdhury, Associate Professor, Netaji Nagar Day College, Arun Ghosh famous Art Critique, Amiya Prasad Sen, Head Deptt., of History and Culture, Jamia Milia Islamia University, New Delhi, Sugata Marjit, R.B.I. Professor of Industrial Economics, CSSS, Kolkata, Gwilym Beckerlegge, Professor of Modern Religion, Manchestor, U.K.

**One-day Seminar :** Department of Bengali organised one-day seminar on 'Vivekanander Sahitya' on 25.3.14. The speakers were Biswajit Roy, Professor, Visva Bharati, Ujjal Kumar Majumdar, Retired Professor, C.U. and Prof Barid Baran Ghosh, Retired Professor, Burdwan University.

Sanskrit Dept. organised another one day. seminar on 'Sanskrita Bhabana O Sw. Vivekananda' on 1.4.14. Speakers were Subrata Sen, Retired Professor, Bethune College and Annadasankar Pahari, Associate Professor, Bhattar College, Ghatal.

**Weekly Seminars and Extension Lectures :** Some of the weekly seminars and extension lectures organised during the period under review are enlisted below :

| Date | Topic | Name of the speaker |
|---|---|---|
| 28.12.13 | 'Trash to Cash' | Amrita Chatterjee, South Asian Forum for Environment, Kolkata. |
| 4.01.14 | 'Our dream, Their Joy' (a multimedia presentation) | Members of the team 'Swapnangan' |
| 7.01.14 | সাম্প্রতিক বাংলাদেশের বাংলা সাহিত্যের গতি প্রকৃতি | Prof. Soumitra Sekhar, Professor, Dacca University. |
| 11.01.14 | Sirpur : The Sacred City (a multimedia presentation) | Prof. Gautam Mukhopadhyay, Deptt. of History, Vidyamandira |
| 7.03.14 | Anthropological tools in Literary and Linguistic | Prof. Dipika Mukherjee, North Western University, Chicago |
| 14.03.14 | Molecular Genetics of Cancer | Dr. Chinmoy Kumar Panda, Senior Scientific Officer, Chittaranjan Cancer Research Institute |
| 18.01.14 | Mangal Mission of India | Dr. Debiprasad Duary, M.P. Birla Planetoreum. |
| 19.02.14<br>20.02.14 | (i) Valency and Blending<br>(ii) Packing of Ions, Formation of Ionic Crystal | Prof. Sabyasachi Sarkar, Emeritus Professor of Chemistry, BESU. |

**Ambica Sarkar and Jadunath Majumdar Memorial Lecture and Annual Prize Distribution** of Co-curricular activities were organised on 12.4.14. President in this occasion was Sri Sanjib Chattopadhyay, a renowned writer of Bengali literature. Prof. Basab Chowdhury, Registrar, Calcutta University was the Chief-Guest.

**Kabitar Adda : a new initiative :** To encourage creative writing among the students and staff members of the College the 'adda' was formally inaugurated on 12.4.14. Henceforth the 'adda' will be conducted on last Thursday/Saturday of every month.

**Convocation of the College :** The first convocation of the autonomous college was held on 08.01.14. Sri Bratya Basu, Honourable Minister of Higher Education, Govt. of West Bengal was the Chief Guest on this occasion. The convocation address was delivered by Prof. Dhrubajyoti Chattopadhyay, Pro-Vice Chancellor (Academic), University of Calcutta. The meeting was presided over by revered Swami Suhitanandaji, General Secretary, Ramakrishna Math and Ramakrishna Mission. After welcome address by Swami Divyanandaji, Secretary of the Vidyamandira

and Saradapith, Principal Swami Shastrajnanandaji presented his report. Prof. Dhrubajyoti Chattopadhyay, after the chanting of 'Convocation Mantra', conferred the formal degree on the passed out students. The academic prizes were distributed to the students and the meeting ended with a vote of thanks by Sw. Krishnanathanandaji, Vice-Principal of the College.

**Student achievement :** Three first year students—Aritranath Chattopadhyay of Chemistry Honours, Sabarnya Mitra and Anirban Misra of Physics Honours have qualified for JBNSTS Scholarship.

Two first year Chemistry Honours students—Chitrak Ghosh and Sourav Dey attended a 9-day Chemistry Camp at Homi Bhaba Centre for Science Education, TIFR, Mumbai in December, 2013.

Debabrata Ganguly, Pritiranjan Mandal, Asit Baran Bhattacharyya and Soumitra Das of Third year Industrial Chemistry received certificates of appreciation for their Poster Presentation at an International Conference on Recent Advances in Polymer and Rubber Science and Technology held on 23 January 2014 at Salt Lake.

**Teacher's Achievement :** Prof Sekhar Gayen, Asstt. Professor, Department of Chemistry, has been admitted to the Degree of Ph.D. in Science of Jadavpur University on 08.10.2013 for his thesis entitled 'Kinetics and Mechanism of Reactions on Metal Bound Superoxide."

**Retirement News :** Following three member of the teaching faculty of the Vidyamandira have retired from their service in the recent past.

1. Prof. Soumyajyoti Chakraborty, Department of History; date of retirement : 31.10.13
2. Prof Tapan Kumar Ghosh, Department of Economics; date of retirement : 31.12.13
3. Prof Raj Kumar Das; Department of Physics; date of retirement : 31.03.14


**New Recruitment :** Following three new teachers have joined the Vidyamandira family very recently:

1. Prof. Manas Bhowmik (Dept. of Economics)
2. Prof. Tamoghna Mondal (Dept. of Economics)
3. Prof. Sarvajit Manna (Dept. of Computer Science)

**Swami Vivekananda Research Centre :** This dream project of Vidyamandira has started functioning with an office room and office-bearer. Meetings of the Doctoral Committees of various Departments have been held and advertisements in newspapers inviting applications from research scholars in selected subjects have been published.

**Some other information :**

- UGC has approved the status of Centre for Potential Excellence for the second time for a period of five years. (effective from 1.4.14).
- As in every year, a blood donation camp was organised on 15.2.14.
- The day-long reunion ceremony was held on 9.2.14
- Br. Biswapati Chaitanya (Vinoy Maharaj) was ordained Sannyasa on 03.03.14 and was given the new name—'Swami Mahamedhananda'.
- Br. Sudip Maharaj has been given Brahmacharya Diksha on 23.01.14 and has been given the new name—'Br. Dhirachaitanya.'
- Br. Tyagatmachaitanya (Sanjay Maharaj) and Br. Alokesh Maharaj have joined the Vidyamandira monastic team. Br. Sanjay Maharaj will serve the Dept. of Controller of Examination. Br. Alokesh Maharaj will serve at Vivek Bhawan hostel as the Superintendent in place of Br. Prasanta Maharaj who has been transferred to the Training Centre.



অধ্যাপক তপন কুমার ঘোষের বিদায় সম্বর্ধনা



বর্তমান বনাম প্রাক্তনদের প্রীতি ভলিবল ম্যাচ

# ২৩তম পুনর্মিলন উৎসবের প্রতিবেদন


"আরেকটিবার আয়রে সখা প্রাণের মাঝে আয়"—দীর্ঘ প্রতীক্ষার পর এল সেই কাঙ্খিত দিন। ৯ ফেব্রুয়ারী, ২০১৪ রবিবার বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ আয়োজিত ২৩তম পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হল। এবারের উৎসব মূলত ২০১০ সালের পর একবছর অন্তর আয়োজনের যে প্রত্যাশা ছিল, তারই ফসল। ২০১২ সালে প্রাক্তনী সংসদের রজতজয়ন্তী স্মারক পুনর্মিলন উৎসব উদ্‌যাপিত হয়েছিল।

এবারের অনুষ্ঠান আয়োজনের প্রাক্‌মুহূর্তে কয়েকটি প্রসঙ্গ বিশেষভাবে আলোচিত হয়। ২০১৪ সালের জানুয়ারীতে স্বামী বিবেকানন্দের সার্ধশতবর্ষের সমাপ্তি অনুষ্ঠান বেলুড়মঠে অনুষ্ঠিত হয় যার অনেক দায়িত্ব বিদ্যামন্দিরও পালন করে। এই ব্যস্ততার মধ্যে পুনর্মিলন উৎসবের ব্যয়ভার নিয়ে চিন্তা ছিল, বিশেষত স্মারক পুস্তিকার ব্যয়, বিজ্ঞাপন বাবদ আয়, সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান ও অন্যান্য ব্যয় কীভাবে সামলানো যাবে, তা বিশেষ চিন্তার ব্যাপার ছিল। কিন্তু শ্রীশ্রীঠাকুরের কৃপায় ও সকল প্রাক্তনীদের সহযোগিতা ও অনুপ্রেরণায় এবারের অনুষ্ঠান ধারে, ভারে ও কলেবরে কোনো অংশে কম হয়নি।

উৎসবের দিন সকাল ৭ টায় শ্রীভবনের প্রার্থনাকক্ষে শ্রীশ্রীঠাকুরের বিশেষ পূজা ও হোম অনুষ্ঠিত হয়। অনেক প্রাক্তনী ভক্তিভরে তা দেখেন। বেলা বাড়ার সাথে সাথে প্রাক্তনী, অতিথি, প্রাক্তন শিক্ষক, শিক্ষাকর্মী, প্রাক্তন অধ্যক্ষ, অধীক্ষক ও অন্যান্য সন্ন্যাসীবৃন্দ আসতে থাকেন। সকাল সাড়ে ৮ টায় মূলভবনের সামনে বিদ্যামন্দিরের পতাকা উত্তোলন করেন রামকৃষ্ণ মঠ ও মিশনের সাধারণ সম্পাদক স্বামী সুহিতানন্দজী মহারাজ। পূজনীয় মহারাজ বিদ্যামন্দিরের প্রাক্তনী।

সকাল ৯টায় বিদ্যামন্দির হস্টেল গ্রাউন্ডে শুরু হয় ভলিবল খেলা। বিদ্যামন্দিরের অধ্যক্ষ, অধীক্ষক ও প্রাক্তনীদের অদম্য ইচ্ছায় ভলিবলখেলায় নতুন প্রাণের সঞ্চার হয়। ইতিমধ্যে ধীরে ধীরে সারা বিদ্যামন্দির জুড়ে প্রাক্তনীদের ভিড় বাড়তে থাকে। এরপর ১০-৩০টায় বিবেকানন্দ সভাগৃহে শুরু হয় প্রাক্তনীদের প্রথম অধিবেশন। অনেক প্রাক্তনী এতে অংশ নেন। প্রায় ১২টা ১৫মিঃ পর্যন্ত অনুষ্ঠান চলে। এরই সাথে সাথে শুরু হয় মধ্যাহ্নভোজনের পর্ব। বিদ্যামন্দির কর্তৃপক্ষ, স্বেচ্ছাসেবক ও মহারাজদের তৎপরতায় প্রায় এক ব্যাচেই বেলা ১টা ৩০ এর মধ্যে সকলের খাওয়া শেষ হয়।

বিকালের অধিবেশন শুরু হয় ২টা ৩০ মিনিটে। প্রথমেই স্বামী বিমুক্তানন্দজী ও স্বামী তেজসানন্দজীর প্রতিকৃতিতে মাল্যদান করেন প্রথমবর্ষের প্রাক্তনী শ্রী অশোককৃষ্ণ বন্দ্যোপাধ্যায়। ২০০১ থেকে ২০১৩ সালের মধ্যে অবসরপ্রাপ্ত শিক্ষক ও এ পর্যন্ত অবসরপ্রাপ্ত সকল শিক্ষাকর্মী ও ছাত্রাবাসকর্মী মিলে মোট ৩৯ জনকে সংবর্ধনা দেওয়া হয়। ১৯৬৬ থেকে ১৯৭০-এর মধ্যে বিদ্যামন্দিরে ভর্তি হয়েছিলেন—এমন প্রাক্তনীদের হাতেও স্মারক উপহার তুলে দেওয়া হয়। বিদ্যামন্দিরের অধ্যক্ষের ও সংসদ সম্পাদকের স্বাগত ভাষণ, প্রাক্তন অধ্যক্ষ স্বামী মেধসানন্দজীর চিন্তাশীল বক্তব্য, সারদাপীঠ সম্পাদক স্বামী দিব্যানন্দজীর মনোজ্ঞ ভাষণ, সভাপতির বক্তৃতা এবং প্রাক্তনীদের স্মৃতিচারণায় এই পর্বটি আকর্ষণীয় হয়ে ওঠে। সবশেষে বিদ্যামন্দিরের উপাধ্যক্ষ ও সংসদের পক্ষে আহবায়ক সকলকে ধন্যবাদ দেন।



অবসরপ্রাপ্ত শিক্ষকের সম্বর্ধনা


সামান্য চা ও জলযোগের পর ৫-১৫ মিনিটে শুরু হয় সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। সঙ্গীত পরিবেশন করেন স্বামী কৃপাকরানন্দজী মহারাজ। বিদ্যামন্দিরের বর্তমান ছাত্র, প্রাক্তনী ও অতিথিদের উপস্থিতিতে এই অনুষ্ঠান বিশেষ মাধুর্য পায়। সাড়ে ছ'টায় অনুষ্ঠান শেষে শুরু হয় সন্ধ্যারতি।

এইভাবেই এবারের পুনর্মিলন উৎসব সকাল থেকে নানা ব্যস্ততায় এবং বিদ্যামন্দির কর্তৃপক্ষ, বর্তমান ছাত্র ও প্রাক্তনীদের উৎসাহ ও সাহচর্যে সর্বাঙ্গসুন্দর হয়ে ওঠে। এবারের উৎসবে অংশগ্রহণ করলেন মোট ৯০৭জন; এর মধ্যে ৫৭৩ জন প্রাক্তনী, ১৭৭জন প্রাক্তনীদের অতিথি, ৮৯ জন আমন্ত্রিত অতিথি এবং অন্যান্য ৬৮ জন। এবার শুরু ২০১৬ ফেব্রুয়ারির প্রতীক্ষা।

**—শুভেন্দু মজুমদার, আহবায়ক, পুনর্মিলন উৎসব সমিতি**



পুনর্মিলন উৎসবে দীনবন্ধু বারিকের সম্বর্ধনা



সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে স্বামী কৃপাকরানন্দ

# LIST OF DONATIONS RECEIVED DURING 2013-2014

| | Donated by | Amount in ₹ | Name of fund / purpose |
|---|---|---|---|
| 1 | 14 alumni | 98,601 | Swami Vimuktananda-Swami Dhyanatmananda Memorial Scholarship Fund |
| 2 | 1 alumnus | 15,000 | Hemchandra Gangopadhyay Memorial Scholarship |
| 3 | 1 alumnus | 10,000 | Giridhari Ghosh-Usharani Ghosh Memorial Scholarship |
| 4 | 5 alumni | 53,001 | Healthcare Fund |
| 5 | 25 alumni of 1967-71 | 1,62,200 | Graduates of 1971 Scholarship Fund |
| 6 | 10 alumni of 2005-08 | 1,63,200 | 2008 Graduates' Scholarship Fund |
| 7 | 8 alumni of 2006-09 | 76,712 | 2006-09 Batch Scholarship Fund |
| 8 | 12 alumni of 1976-79 | 81,000 | 1976-79 Batch Scholarship Fund |
| 9 | 1 alumnus of 2002-05 | 5,000 | General Scholarship from 2002-05 Batch Fund |
| 10 | 3 alumni | 24,900 | Reunion Donation |
| 11 | 12 alumni | 45,379 | General Donation |
| 12 | 15 alumni | 16,901 | Donation for Uttarakhand Relief |
| 13 | 1 alumnus | 50,000 | Shibani Ghosh-Aparna Ghosh Memorial Scholarship |
| | **TOTAL DONATION** | **7,51,894** | |

We regret that because of lack of space names of the donors could not be published. The full list of donors is available in our website www.alumnividyamandira. in

# DETAILS OF SCHOLARSHIPS AWARDED DURING 2013-2014

## SCHOLARSHIPS TO PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA

### A. Hemchandra Gangopadhyay Memorial Scholarship

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| Panchu Gopal Bhunia | History | Calcutta University | 2,500 |
| Soumen Pal | Philosophy | Calcutta University | 2,000 |
| Susanta Patra | Political Science | Jadavpur University | 2,000 |
| | | **TOTAL** | **6,500** |

### B. Chandranath De Memorial Scholarship

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| Jayadratha Dey | History | Calcutta University | 2,500 |
| Debasis Bhunia | History | Calcutta University | 2,500 |
| Rajib Pramanik | Political Science | Rabindra Bharati University | 3,000 |
| | | **TOTAL** | **8,000** |

**TOTAL SCHOLARSHIPS TO PASSED OUT STUDENTS OF VIDYAMANDIRA : ₹ 14,500**

## SCHOLARSHIPS TO NON-VIDYAMANDIRA STUDENTS

### Swami Adiswarananda – Swami Gokulananda Memorial Scholarship

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| Dipti Ghatak | B.Tech | CIEM, Kolkata | 3,000 |
| Sk. Kajen Ali | Geography, 1st Yr | Netaji Mahavidyalaya, Arambagh | 4,700 |
| Balaram Dey | Geography, 1st Yr | Ramananda College, Bankura | 3,700 |
| Chandrima Halder | History, 3rd Yr | Sammelani Mahavidyalaya | 2,000 |
| Subhankar Mahanta | Geography, 1st Yr | Chatra Ramai Pandit Mahavidyalaya | 1,000 |
| Arijit Garai | Geography, 1st Yr | Chatra Ramai Pandit Mahavidyalaya | 1,000 |
| | | **TOTAL** | **15,400** |

## DETAILS OF FINANCIAL ASSISTANCE TO STUDENTS OF VIDYAMANDIRA FOR ADMISSION IN M.A./M.Sc. DURING 2013-2014

### Financial Assistance from ex-students of 2002-05 Degree Batch

| Name of the student | Subject | Now studying in | Amount in ₹ |
|---|---|---|---|
| 1 Dipankar Nalui | Computer Science, M.Sc. | | 10,000 |
| 2 Pranabesh Bhattacharyya | Sanskrit, MA | | 2,200 |
| | | **TOTAL** | **12,200** |

# DETAILS OF SCHOLARSHIPS AWARDED DURING 2013-2014

## SCHOLARSHIPS TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA

### A. Swami Vimuktananda-Dhyanatmananda Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Rose Hossain, 3rd Year | History | 8,000 |
| Basudeb Mal, 3rd Year | Philosophy | 10,000 |
| Sunil Mandi, 3rd Year | Sanskrit | 10,000 |
| Dhrubatara Naskar, 3rd Year | Political Science | 8,000 |
| Purusottam Das, 3rd Year | Chemistry | 4,000 |
| Krishanu Ghoshal, 3rd Year | Industrial Chemistry | 6,000 |
| Mithun Das, 3rd Yr | Industrial Chemistry | 7,000 |
| Samir Saha, 3rd Yr | Physics | 2,000 |
| | **TOTAL** | **55,000** |

### B. Asha – Jyoti Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Manish Kayal, 3rd Year | Industrial Chemistry | 1,000 |
| Nabakumar Das, 2nd Yr–M.A. | Bengali | 1,000 |
| | **TOTAL** | **2,000** |

### C. Graduates of 71 Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Anurag Banerjee, 1st Year | Computer Science | 14,000 |
| Sachinandan Mondal, 1st Year | Philosophy | 14,000 |
| Tapas Shymal, 1st Year | Industrial Chemistry | 18,000 |
| Loknath Halder, 1st Year | Political Science | 9,000 |
| Gopal Bag, 2nd Yr | Political Science | 17,000 |
| Suman Chakraborty, 2nd Year | Sanskrit | 15,000 |
| Sanjib Mondal, 2nd Year | Industrial Chemistry | 17,000 |
| Prasanta Dutta, 2nd Year | Computer Science | 18,000 |
| Soumen Adhikary, 3rd Yr | Philosophy | 12,000 |
| Biprajit Sana, 3rd Yr. | Physics | 4,000 |
| Ashis Ghosh, 3rd Yr. | Industrial Chemistry | 12,000 |
| Milan Singha, 1st Yr., M.A. | Bengali | 20,000 |
| Chiranjit Ghosh, 2nd Yr., M.A. | Sanskrit | 10,000 |
| | **TOTAL** | **1,80,000** |

### D. 1976-79 Graduates Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Krisnendu Mandal, 3rd Yr | History | 4,000 |
| Koushik Halder, 3rd Yr | Political Science | 7,000 |
| Manabendra Sarkar, 3rd Yr | Bengali | 5,000 |
| Nilabja Maity, 3rd Yr | Chemistry | 1,500 |
| | **TOTAL** | **17,500** |

### E. 89-91 HS Batch Education Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Sourav Das, 2nd Year, M.A. | Bengali | 4,000 |
| Nitai Pal, 2nd Year, M.A. | Sanskrit | 6,000 |
| Sandip De, 2nd Year, M.Sc. | Mathematics | 4,000 |
| | **TOTAL** | **14,000** |

### F. 2008 Graduates Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Debashis Basu 2nd Yr, M.A. | Bengali | 5,000 |
| Tushar Kanti Maity 2nd Yr, M.Sc. | Applied Chemistry | 7,000 |
| Sambhu Manna 2nd Yr, M.A. | Sanskrit | 12,000 |
| | **TOTAL** | **24,000** |

### G. 2006-09 Batch Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Sudipta Sarkar, 3rd Yr | Mathematics | 1,000 |

### H. Tarapada & Nirmala Basu Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Prasenjit Nayek, 2nd Yr | Bengali | 14,000 |
| Surajit Ari, 2nd Yr | Mathematics | 14,000 |
| | **TOTAL** | **28,000** |

### I. Souvik Pal Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Shekharendu Ghosh, 2nd Year | Computer Science | 9,500 |

### J. Paresh Nath Dutta Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Shyamal Murmu, 2nd Year | Industrial Chemistry | 9,500 |

### K. Giridhari Ghosh – Usharani Ghosh Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Narayan Das, 2nd Year | Chemistry | 5,500 |

### L. Pradip Kr. Mitra Memorial Scholarship

| Name of the student | Subject | Amount in ₹ |
|---|---|---|
| Suresh Das, 2nd Year | Bengali | 14,000 |

**TOTAL SCHOLARSHIPS TO PRESENT STUDENTS OF VIDYAMANDIRA : ₹ 3,60,000**

## প্রাক্তনী সংসদ সমাচার

স্বামী বিবেকানন্দের ১৫০তম জন্মোৎসবের অন্তিম পর্যায়েও প্রাক্তনী সংসদ তার সীমিত সামর্থ্যের মধ্যে স্বামীজীর স্বপ্নের বিদ্যামন্দিরে ও বিদ্যামন্দিরের বাইরে সমাজকল্যাণমূলক কর্ম-প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। নিম্নে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো :—

**স্বাস্থ্য প্রকল্প :** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। জানুয়ারি, ২০১৪ তে প্রাক্তনীবার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত মোট ১৭ জন দুঃস্থ রোগীকে ৮,৫০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। বিদ্যামন্দিরের একজন দুঃস্থ ছাত্রকে ৩,৭০০ টাকা চিকিৎসার জন্য দেওয়া হয়েছে এবং একজন ছাত্রাবাসকর্মীর মায়ের চিকিৎসার জন্য দেওয়া হয়েছে ৩,০০০ টাকা।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** এই প্রকল্পে ১৯৬৮-১৯৭১ এর প্রাক্তনীরা গত ১৫ আগস্ট ২০১৩ তে ১ লক্ষ ৫২ হাজার ২০০ টাকা ও পরে আরও ১০,০০০ টাকা সহ মোট ১,৬২,২০০ টাকা ২০১৩-১৪ অর্থবর্ষে প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এখনও পর্যন্ত তাঁরা মোট ২১,২৯,৭০৩ টাকা এই প্রকল্পে সংসদকে দিয়েছেন। এছাড়া ১৯৭৬-৭৯, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮, ২০০৬-০৯ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা এবং ব্যক্তিগতভাবে অন্যান্য অনেক প্রাক্তনীও এই প্রকল্পে নীরবে তাঁদের সাহায্যের হাত প্রসারিত করেছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার :** বিগত বছর গুলির মতো এ-বছরও বিদ্যামন্দিরের দুই ছাত্রকে এই পুরস্কার দেওয়া হয়েছে। বিদায়ী তৃতীয় বর্ষের মাইক্রোবায়োলজি বিভাগের ছাত্র শ্রী অনির্বাণ বসু ও দর্শন বিভাগের ছাত্র শ্রী দিব্যেন্দু মণ্ডল এই পুরস্কার পেয়েছে।

**বিবেকানন্দ সম্মেলন :** (২০১৩-২০১৪) বর্ষের বিবেকানন্দ সম্মেলনটি নদীয়া জেলাতে অনুষ্ঠিত হবে। ইতিমধ্যেই ঐ-জেলার উদ্যোক্তাদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। কিছুদিনের মধ্যেই বিদ্যামন্দিরে সম্মেলনের প্রস্তুতি সভাটি অনুষ্ঠিত হবে। আশা করা যায় দুর্গাপূজার পূর্বেই সম্মেলনটি সম্পূর্ণ করা যাবে।

**পুনর্মিলন উৎসব :** গত ৯ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে বিদ্যামন্দিরে প্রাক্তনীদের ২৩ তম পুনর্মিলন উৎসব সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এই বিষয়ে বিস্তারিত বিবরণ একটি পৃথক প্রতিবেদনে দেওয়া আছে।



পুনর্মিলন উৎসবের সূচনালগ্নে স্বামী সুহিতানন্দজীসহ বিশিষ্ট প্রাক্তনীবৃন্দ

**আন্তর্জাতিক সেমিনার :** গত ২১ ও ২২শে ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে স্বামীজীর ১৫০ তম জন্মোৎসব উপলক্ষে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির রামকৃষ্ণ মিশন শিক্ষণ মন্দির ও প্রাক্তনী সংসদের যৌথ উদ্যোগে দুই দিন ব্যাপী—"Swami Vivekananda's Ideas and our times : A Retrospect on His 150th Birth Anniversary"-এর উপর একটি আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করেছিল। এই সেমিনারটি স্পনসর করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন। এই সেমিনারটি বেশ সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে বিস্তারিত তথ্য অন্যত্র দেওয়া হয়েছে।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন ও সাধুবাদ জানাই।

—মনোজ কুমার ভট্টাচার্য্য, কর্মসচিব, প্রাক্তনী সংসদ


প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ তপন কুমার ঘোষ

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সুশান্ত দে, শুভেন্দু মজুমদার এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)


PRINTED MATTER

**BOOK POST**


**If undelivered, please return to :**

**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**

**E-mail : alumnividyamandira@gmail.com Website : www.alumnividyamandira.in**



Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536